

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৩৬৬

২৭/ আদব

পরিচ্ছেদঃ লেবাসের অন্যান্য জ্ঞাতব্য

## আরবী

عَنْ أَبِي الْأَحْوَصِ عَنْ أَبِيهِ قَالَ أَتَيْتُ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي ثَوْبِ دُونٍ فَقَالَ أَلكَ مَالُ قَالَ نَعَمْ قَالَ مِنْ أَيِّ الْمَالِ قَالَ قَدْ أَتَانِىَ اللهُ مِنَ الإِبلِ وَالْغَنَمِ وَالْخَيْلِ وَالرَّقِيقِ قَالَ فَإِنَا قَالَ قَدْ أَتَانِىَ اللهُ مِنَ الإِبلِ وَالْغَنَمِ وَالْخَيْلِ وَالرَّقِيقِ قَالَ فَإِذَا أَتَاكَ اللهُ مَالاً فَلْيُرَ أَثَرُ نِعْمَةِ اللهِ عَلَيْكَ وَكَرَامَتِهِ

## বাংলা

(৩৩৬৬) আবুল আহওয়াসের পিতা থেকে বর্ণিত, তিনি বলেন, একদা আমি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এলাম। আমার পরনে ছিল নেহাতই নিম্নমানের কাপড়। তিনি তা দেখে আমাকে বললেন, 'তোমার কি মাল-ধন আছে?'' আমি বললাম, 'জী হ্যাঁ।' বললেন, কোন্ শ্রেণীর মাল আছে?'' আমি বললাম, 'সকল শ্রেণীরই মাল আমার নিকট মজুদ। আল্লাহ আমাকে উট, গরু, ছাগল, ভেঁড়া, ঘোড়া ও ক্রীতদাস দান করেছেন।' তিনি বললেন, ''আল্লাহ যখন তোমাকে এত মাল দান করেছেন, তখন আল্লাহর দেওয়া নেয়ামত ও অনুগ্রহ তোমার বেশ-ভূষায় প্রকাশ পাওয়া উচিত।

## ফুটনোট

(আহমাদ ১৫৮৮৭, আবূ দাউদ ৪০৬৫, নাসাঈ ৫২২৪, মিশকাত ৪৩৫২, সহীহ সনদে)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন